



# চুয়াডাঙ্গা পৌরসভা কার্যালয়

শহীদ আবুল কাশেম সড়ক, চুয়াডাঙ্গা। ফোনঃ ০৭৬১-৬২২৮১

Web Site: www.chuadangapourashava.org, E-mail: mayor16cp@gmail.com

তারিখঃ ২৪/০৫/২০১৬ইং।

## ”গরীব মেধাবী ছাত্র-ছাত্রীদের মাঝে পৌরসভার পক্ষে বৃত্তি প্রদান”

গত ইং ২৪ই মে’ ২০১৬ তারিখ রোজ মঙ্গলবার বেলা ১১.০০ ঘটিকায় পৌরসভা মিলনায়তনে তৃতীয় নগর পরিচালন ও অবকাঠামো উন্নতি করন সেক্টর প্রকল্প (UGIP-III) এর সহায়তায় চুয়াডাঙ্গা পৌরসভার উদ্যোগে পৌর এলাকার মাধ্যমিক স্তরের স্কুল-মাদ্রাসা সমূহের গরীব মেধাবী ছাত্র-ছাত্রীদের খাতা-কলম ক্রয় করার নিমিত্তে পৌরসভার নিজস্ব তহবিল থেকে বৃত্তি স্বরূপ ১১টি স্কুলের ৬৫ জন ছাত্র/ছাত্রীকে ৫০০/- টাকা করে প্রদান করা হয়। প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে বৃত্তি প্রদান করেন-পৌর মেয়র জনাব মোঃ ওবায়দুর রহমান চৌধুরী জিপু, অনুষ্ঠানে বিশেষ অতিথি ছিলেন-পৌরসভার সম্মানিত সকল কাউন্সিলর বৃন্দ। সভাপতিত্ব করেন-জনাবা সুলতানা আরা রত্না, কাউন্সিলর ও সভাপতি নারী ও শিশু বিষয়ক স্থায়ী কমিটি চুয়াডাঙ্গা পৌরসভা। অনুষ্ঠানে আরও উপস্থিত ছিলেন-জনাব কাজী শরিফুল ইসলাম, সচিব, চুয়াডাঙ্গা পৌরসভা, আব্দুস সবুর খান বস্তি উন্নয়ন কর্মকর্তা, এম, এ বারী মাধ্যমিক বিদ্যালয়ের সহকারী শিক্ষক জনাব মনির উদ্দিন, রাহেলা খাতুন গালস্ স্কুলের সহকারী শিক্ষক জনাবা দিলরুবা, জেডার এ্যাকশন প্লানের সকল সদস্য বৃন্দ, প্রকল্পের LCDA মোঃ নাজমুল হোসেন ও প্রকল্পের অন্যান্য কর্মকর্তা/কর্মচারীবৃন্দ অনুষ্ঠান পরিচালনা করেন-জেডার এ্যাকশন প্লানের সাচিবিক দায়িত্ব পালনকারী ও পৌরসভার স্যানিটারী ইন্সপেক্টর মোঃ কামরুল ইসলাম। অনুষ্ঠানে কোরআন তেলওয়াত করেন-হাজরাহাটি দাখিল মাদ্রাসার প্রিন্সিপ্যাল জনাব মোঃ জামাল উদ্দিন। অনুষ্ঠানে ছাত্র-ছাত্রীদের উদ্দেশ্যে মেয়র, জনাব জিপু চৌধুরী বলেন লেখা পড়ার মনোযোগী হয়ে ভবিষ্যতে দেশ গড়ার কাজে অংশ গ্রহন করার পরামর্শ প্রদান করেন।



সময়মত পৌরকর পরিশোধ করুন। সময়মত পানির বিল পরিশোধ করুন। আপনার শিশুকে টিকাদিন।